

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ২৫, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
পরিবেশ-২ শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ০৫ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ/১৮ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ৪৫-আইন/২০২১।—বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১ নম্বর আইন) এর ধারা ৬ক তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, মহা-পরিচালকের সহিত পরামর্শক্রমে, নিম্নবর্ণ শর্তাধীন নির্দেশ জারি করিল, যথা :—

- (ক) পরিবেশ অধিদপ্তর হইতে পরিবেশগত ছাড়পত্র গ্রহণ এবং প্রযোজ্য ক্ষেত্রে, নবায়ন ব্যতিরেকে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান পুনঃপ্রক্রিয়াকরণের উদ্দেশ্যে ব্যাটারি ভাঙ্গা বা, ক্ষেত্রমত, আগুনে গলানোর কার্যক্রম পরিচালনা করিতে পারিবে না;
- (খ) কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান পুনঃপ্রক্রিয়াকরণের উদ্দেশ্যে ব্যাটারি ভাঙ্গা বা আগুনে গলানোর, ইত্যাদি কার্যক্রম পরিচালনাকালে উক্ত কার্যক্রমে নিয়োজিত শ্রমিক ও কর্মচারীসহ সংশ্লিষ্ট সকলের প্রয়োজনীয় ব্যক্তিগত স্বাস্থ্য সুরক্ষা সরঞ্জামাদির ব্যবহার নিশ্চিত করিবে;
- (গ) লেড-এসিড ব্যাটারি প্রস্তুতকারী ও পুনঃপ্রক্রিয়াকরণের সহিত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ পুরাতন বা অকেজো ব্যাটারি সংগ্রহের জন্য দেশব্যাপী প্রয়োজনীয় সংখ্যক ডিলার বা এজেন্ট নিয়োগ করিবে এবং ব্যাটারি সংগ্রহের জন্য ফরম-১ অনুসরণপূর্বক তথ্য সংরক্ষণ করিবে;

(৫৭৩৭)

মূল্য : টাকা ৮.০০

- (ঘ) ব্যাটারি আমদানিকারক ব্যাটারির পুনঃপ্রক্রিয়ার বিষয়টি নিশ্চিত করিবার উদ্দেশ্যে পরিবেশ অধিদপ্তরের অনাপত্তি পত্র গ্রহণ করিবে এবং আমদানির অনুমতি পত্র প্রাপ্তির লক্ষ্যে প্রধান আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের বরাবর উক্ত অনাপত্তি পত্র দাখিল করিতে হইবে;
- (ঙ) বিদেশ হইতে সরাসরিভাবে লেড-এসিড ব্যাটারি আমদানির ক্ষেত্রে আমদানিকারক প্রতিষ্ঠানকে ব্যাটারি ব্যবহার শেষে পুরাতন বা অকেজো ব্যাটারি পরিবেশগত ছাড়পত্র রহিয়াছে এমন ব্যাটারি পুনঃপ্রক্রিয়াকরণ প্রতিষ্ঠানের নিকট হস্তান্তর করিবার জন্য আমদানির পূর্বেই চুক্তিবদ্ধ হইতে হইবে এবং উক্ত প্রক্রিয়ার ব্যত্যয় হইলে, সেইক্ষেত্রে, ব্যাটারি আমদানির অনুমোদন প্রদান করা হইবে না;
- (চ) ব্যবহৃত বা পুরাতন বা অকেজো ব্যাটারি বা সমজাতীয় পণ্য নিরাপদ পরিত্যজন (Safe disposal) ব্যবস্থাপনার সুবিধার্থে ব্যাটারি বিক্রয়কালে প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক অনুমোদিত ব্যবসায়ী বা দোকানদার অথবা এজেন্ট, ডিলার বা ডিস্ট্রিবিউটরের নাম, ঠিকানা, যোগাযোগের নম্বর, ইত্যাদি ভোক্তা ও বড় ব্যবহারকারীগণের (টেলিকমিউনিকেশন কোম্পানি, বিটিআরসি, রেলওয়ে, ইত্যাদি) নিকট সরবরাহ করিবে;
- (ছ) ব্যাটারি বিক্রয়কারী বা সরবরাহকারী প্রতিষ্ঠান ক্রেতার প্রয়োজনীয় তথ্য সংরক্ষণ করিবে এবং পণ্যের কার্যকারিতা শেষ হইলে বা মেয়াদ উত্তীর্ণ হইলে, উহা সংগ্রহ করিবার নিমিত্ত যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবে;
- (জ) ব্যাটারি ব্যবহারকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান সকল পুরাতন বা অকার্যকর ব্যাটারি নিরাপদ পরিত্যজনের (Safe disposal) উদ্দেশ্যে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র রহিয়াছে এমন ব্যাটারি পুনঃপ্রক্রিয়াজাতকরণ কারখানা বা প্রতিষ্ঠান কর্তৃক অনুমোদিত এজেন্ট, ডিলার বা ডিস্ট্রিবিউটরের নিকট হস্তান্তর করিবে;
- (ঝ) শর্ত (জ) এর অধীন পুরাতন বা অকার্যকর ব্যাটারি হস্তান্তরকালে উহার ব্যবহারকারীগণ খুচরা বিক্রোতা, ডিলার বা ডিস্ট্রিবিউটরগণ পারস্পরিক সম্মতির ভিত্তিতে, নির্ধারিত হারে, হস্তান্তর মূল্য প্রদান ও গ্রহণ করিতে পারিবে;
- (ঞ) সকল প্রকার ব্যাটারি খুচরা বিক্রোতা, ডিলার বা ডিস্ট্রিবিউটরকে, পরিবেশ সুরক্ষার স্বার্থে নূতন ব্যাটারি বিক্রয়ের সময় ক্রেতার নিকট হতে প্রতিটি নতুন ব্যাটারির বিপরীতে পুরাতন ব্যাটারি সংগ্রহপূর্বক, ৩(তিন) মাসের মধ্যে, উহা পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্রপ্রাপ্ত পুনঃপ্রক্রিয়াজাতকরণ কারখানা বা প্রতিষ্ঠানের নিকট প্রেরণ করিতে হইবে এবং উক্ত তথ্য ডিজিটাল পদ্ধতিতে যথাযথভাবে লিপিবদ্ধ করিয়া সংরক্ষণপূর্বক পরিবেশ অধিদপ্তরকে প্রেরণ করিবে;
- (ট) দেশে উৎপাদিত বা বিদেশ হইতে আমদানিকৃত সকল লেড-এসিড ব্যাটারির গতিবিধি পর্যবেক্ষণের জন্য পণ্যের গায়ে দেশের কোড, ক্রমিক নম্বরসহ কোম্পানি কোড বা প্রতিটি ব্যাটারির ব্যক্তিগত পরিচয় সংবলিত ডিজিটাল পদ্ধতির (বার কোড বা

